



■ তামাক সেবন

>> বাংলাদেশে তামাক ব্যবহার বৃদ্ধি পাচ্ছে।

- ৩ ১৫ বছর ও তারচেয়ে বেশি বয়সী সকল বাংলাদেশীদের মধ্যে এক-তৃতীয়াংশেরও বেশি (৩৬.৮%) কোনো না কোনো ধরনের তামাক ব্যবহার করেন।^১
- ৩ ১৫ বছর ও তারচেয়ে বেশি বয়সী পুরুষদের প্রায় অর্ধেক (৪৮.৬%) এবং মহিলাদের প্রায় এক-চতুর্থাংশ (২৫.৪%) বর্তমানে তামাক ব্যবহার করেন।^২
- ৩ ঢাকায় তরুণদের (১৩-১৫ বছর বয়সী) মধ্যে, মোট ৫.৯% বর্তমানে ধূমপান করেন যেখানে লিঙ্গভেদে ব্যাপক পার্থক্য লক্ষ্য করা যায় (ছেলে ৯.৫%; মেয়ে ২.০%)।^৩
- ৩ ঢাকায় ১০% এরও বেশি তরুণ বর্তমানে সিগারেট ছাড়া অন্যান্য তামাকজাত পণ্য ব্যবহার করেন (ছেলে ১২.৫%; মেয়ে ৭.১%)।^৪

■ তামাক-সংশ্লিষ্ট পরিণতি

>> তামাকের ব্যবহার প্রাণঘাতী। আজীবন তামাক ব্যবহারকারীদের অর্ধেকই ধূমপানের কারণে মারা যান। ওই সব মৃত্যুর অর্ধেকই ঘটে ৩০ থেকে ৬৯ বছর বয়সের মধ্যে। পরোক্ষ ধূমপানের শিকার হয়ে প্রতি বছর হাজার হাজার অধূমপায়ী মারা যান।^৫

- ৩ প্রতি বছর বাংলাদেশে ১.২ মিলিয়নেরও বেশি তামাক-সংশ্লিষ্ট অসুস্থতার ঘটনা ঘটে থাকে।^৬
- ৩ সব ধরনের মৃত্যুর মধ্যে ৯% তামাক ব্যবহারের সাথে সংশ্লিষ্ট, যার পরিমাণ হচ্ছে প্রতি বছর ৫৭,০০০ এরও বেশি মৃত্যু।^৭
- ৩ ৩০ বছর এবং তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের মধ্যে, তামাক-সংশ্লিষ্ট অসুস্থতা সকল মৃত্যুর মধ্যে ১৬% এর জন্য দায়ী।^৮

■ তামাক-সংশ্লিষ্ট খরচ

>> তামাক সমাজের উপরসহ একটি ব্যাপক খরচ চাপিয়ে দেয়।

>> তামাকের খরচের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- ৩ তামাক-সংশ্লিষ্ট অসুস্থতার সাথে সম্পর্কিত স্বাস্থ্যসেবার খরচ,
- ৩ অসুস্থ কর্মীদের উৎপাদনশীলতা কমে যাওয়ার কারণে এবং যারা তাদের কাজের বয়সে অকালে মারা যান তাদের উৎপাদনশীলতা হারানোর কারণে উৎপাদনশীলতার খরচ।
- ৩ অগ্নিকাণ্ডের ক্ষতি এবং সংশ্লিষ্ট খরচ
- ৩ পরিবেশের ক্ষতি
- ৩ কৃষি জমির ভিন্ন ব্যবহার যা খাদ্য উৎপাদন করতে পারতো

নীতি-নির্ধারকদেরকে অবশ্যই এখুনি ব্যবস্থা নিতে হবে

তামাকের ব্যবহার পর্যবেক্ষণ করা এবং তামাক প্রতিরোধ নীতিগুলোর প্রভাব মূল্যায়ন করা

মানুষকে পরোক্ষ ধূমপান থেকে রক্ষা করা

তামাক সেবন ছেড়ে দেয়ার জন্য প্রত্যেক তামাক সেবনকারীকে সাহায্যের প্রস্তাব দেয়া

শক্তিশালী, নকশা চিত্রের মাধ্যমে স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ এবং গণমাধ্যমের সাহায্যে প্রভাব বিস্তারকারী, দীর্ঘস্থায়ী গণশিক্ষা অভিযানের মাধ্যমে তামাক ব্যবহারের বিপদ সম্পর্কে প্রত্যেক ব্যক্তিকে সতর্ক করা এবং কার্যকরভাবে শিক্ষাদান করা

তামাকের বিজ্ঞাপন, প্রচারাভিযান ও পৃষ্ঠপোষকতা এবং বিভ্রান্তিকর পরিভাষা, যেমন “লাইট” (“হালকা”) বা “লো টার” এগুলোর উপর সামগ্রিক নিষেধাজ্ঞা আরোপ ও প্রয়োগ

তামাকের উপর কর বাড়ানোর মাধ্যমে সব ধরনের তামাকজাত পণ্যের দাম বৃদ্ধি করা

^১(২০০৮ সালে বিশ্বব্যাপী তামাকের মহামারীর উপর ডবিউএইচও-এর প্রতিবেদন: ক্ষমতায়ন প্যাকেজ। জেনেভা, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ২০০৮)। ^২Ibid. ^৩সিডিসি। গ্লোবাল ইয়ুথ টোবাকো সার্ভিলেন্স, ২০০০-২০০৭। সিডিসি মার্কিট আন্ড মটালিটি উইকলি রিপোর্ট। ২০০৮:৫৭ (এসএস-১); ১-২৮। ^৪Ibid. ^৫ম্যাকে জে, এরিকসেন এম, শাফে ও. দি টোবাকো অ্যাটলাস। দ্বিতীয় সংস্করণ, আটলান্টা: আমেরিকান ক্যান্সার সোসাইটি; ২০০৬। পৃষ্ঠা ১০৮। ^৬বিশ্ব স্বাস্থ্য সংস্থা। বাংলাদেশে তামাক-সংশ্লিষ্ট অসুস্থতার প্রভাব। ঢাকা, বাংলাদেশ: ডবিউএইচও; ২০০৫। পাওয়া যাবে: <http://www.who.int/tobacco/research/economics/publications/FinalReport5Jan05.pdf> ^৭Ibid. ^৮Ibid.